

139

## সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলুন : ছাত্রদল

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

জাতীয়তাবাদী ছাত্রদলের নেতৃবৃন্দ অভিযোগ করেছেন যে 'মুজিববাদী' ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারা-দেশের শিক্ষাক্ষেত্রে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করার জন্য সন্ত্রাস শেষ পূঃ ২-এর কঃ চঃ।

## সন্ত্রাসের বিরুদ্ধে

(প্রথম পৃঃ পর)

চালাচ্ছে। নেতৃবৃন্দ বলেন, সন্ত্রাসের মাধ্যমে একের পর এক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের অপচেষ্টার মধ্যে গভীর যড়যন্ত্র রয়েছে। তারা ক্যাম্পাসে সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলারও আহ্বান জানান।

গতকাল অপরাহ্নেয় বাংলার পাদদেশে "শিক্ষার অধিকার প্রতিষ্ঠা ও সন্ত্রাস নির্মূলের" দাবীতে অনুষ্ঠিত এক ছাত্র সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ এসব কথা বলেন। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা খায়রুল কবীর খোকন, নাজিমউদ্দীন আলম, মোশাররফ আহমদ ঠাকুর, মনিরুজ্জামান মনির, ইলিয়াছ আলী, কামরুজ্জামান রতন, রফিকুল ইসলাম, নাসিরউদ্দীন আহমেদ পিন্টু, শিরীন সুলতানা, হাবিব-উন-নবী সোহেল, আলী আকাস নাদিম, শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি প্রমুখ।